

# সাপটগ্রাম কলেজে তিন দিনের বইমেলা

শ্রীপকুমার দে  
সাপটগ্রাম। ৫ এপ্রিল

বুধবার সাপটগ্রাম কলেজের ৩ দিনের বইমেলায় সমাপ্তি হয়েছে। উল্লেখ্য, গত ৩ বছর ধরেই সাপটগ্রাম কলেজের কেন্দ্রীয় গ্রন্থাগার এবং আইকিউএসি বইপুস্তকালয়ের মডল বুক সেন্টারের সহযোগিতায় বইমেলায় আয়োজন করে আসছে সাপটগ্রাম মহাবিদ্যালয়। এবারে বইমেলা ৩ এপ্রিল থেকেই শুরু হয়েছে। উদ্বোধন করেছেন মহাবিদ্যালয়ের গভর্নিং বডি'র সভাপতি হেমেন্দ্রনাথ ব্রহ্ম। তিনি



মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীদের উৎসে বক্তব্য রেখে বলেন বই পড়ে জ্ঞান অর্জন করে জ্ঞান বিতরণ করতে। বই হচ্ছে ভাষা বন্ধু। তিনি ছাত্রছাত্রীদের বই কেনার আহ্বান জানান। তাছাড়া এই বইমেলায় মহাবিদ্যালয়ের পক্ষ থেকে

সাপটগ্রাম শহরের এবং আশেপাশের গ্রামের বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের এবং পুস্তকপ্রেমী জনগণকে বইমেলায় অংশগ্রহণ করার আমন্ত্রণ জানানো হয়। এদিকে বইমেলায় শেষের দিনে বইমেলায় বুধদি জেলার জেলাশাসক দিবাকর নাথ,

বিলাসীপাড়া মহকুমার মহকুমাসরকার মনোরঞ্জন পোয়া এবং সাপটগ্রাম পুরসভার এগজিকিউটিভ অফিসার কুন্ডিকা বসুমতীর উপস্থিতি ছিল। তাঁদের বইমেলা ঘুরিয়ে দেখান মহাবিদ্যালয়ের অধ্যক্ষ আর সি সিং এবং গ্রন্থাগারিক খাতা মালিকার।

বইমেলায় উপস্থিত জেলাশাসক দিবাকর নাথ ছাত্রছাত্রীদের বই কিনতে এবং বই পড়তে উৎসাহিত করেন। উল্লেখ্য, বইমেলায় বই বিক্রি সংগ্রহজনক হয়েছে বলে মডল বুক সেন্টারের মালিক বিজয় মণ্ডল জানান।